

নিরক্ষরতা দূর করার ব্যবস্থা আলোচনা

087

গণ সাক্ষরতা সংক্রান্ত জাতীয় পরিষদের বৈঠক মঙ্গলবার সকালে ডাইস প্রেসিডেন্ট বিচারপতি জনাব আবদুস সাব্বারের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বৈঠকে দেশে গণ সাক্ষরতা বাড়ানো সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আলোচনা হয়।

পরিষদে তিন ঘণ্টা ব্যাপী বৈঠকে গণ সাক্ষরতা সংক্রান্ত বিভিন্ন সমস্যা নিয়ে ব্যাপক আলোচনা করা হয় এবং যথাশীঘ্র দেশ থেকে নিরক্ষরতার অভিশাপ দূর করার জন্যে কতিপয় ব্যবস্থা বিবেচনা করা হয়।

বৈঠকে ডায়নে ডাইস প্রেসিডেন্ট নিরক্ষরতা দূর করার জরুরী প্রয়োজনীয়তার ব্যাপর গুরুত্ব আরোপ করেন এবং গণ সাক্ষরতার পথে যে সব অন্তরায় রয়েছে তা সনাক্ত করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করেন।

বৈঠকে যারা উপস্থিত ছিলেন তাঁদের মধ্যে রয়েছেন শিক্ষামন্ত্রী কাজী জাফর আহমদ, শ্রম ও শিল্প, কল্যাণ মন্ত্রী শাহ আজিজুর রহমান, স্বরাষ্ট্রমন্ত্রী জেঃ কর্নেল (অবসর-প্রাপ্ত) মুস্তাফিজুর রহমান, মহিলা বিষয়ক মন্ত্রী ডঃ মিসেস আমিনা রহমান, তথ্য ও বেতার মন্ত্রী জনাব হাবিবুল্লাহ খান ও কৃষি মন্ত্রী জনাব আজিজুল হক।